

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৩৪৮
আগরতলা, ৯ অক্টোবর, ২০২৬

মেয়রের সভাপতিত্বে মায়ের গমন
অনুষ্ঠানের বিষয়ে প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত

আজ আগরতলা পুরনিগমের কনফারেন্স হলে পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদারের সভাপতিত্বে আয়োজিত এক বৈঠকে মায়ের গমন অনুষ্ঠানের প্রস্তুতি পর্যালোচনা করা হয়। আগরতলা পুরনিগম এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের প্রস্তুতি এখন চূড়ান্ত পর্যায়ে। পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার বৈঠকে জানান, অন্যান্য বারের মতো এবারও মায়ের গমন অনুষ্ঠান যাতে শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয় তার জন্য সমস্ত প্রস্তুতি নেওয়া হচ্ছে। তিনি জানান, এই অনুষ্ঠান উপলক্ষ্যে পর্যাপ্ত পুলিশি ব্যবস্থা থাকবে। সিটি সেন্টারের সামনে ব্যারিকেড স্থাপন করা সহ অতিরিক্ত নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হবে। ট্রাফিকের পুলিশ সুপার বৈঠকে জানান, অনুষ্ঠান চলাকালীন সময়ে যাতে বিশৃঙ্খলা সৃষ্টি না হয় সেবিষয়ে নজর দেওয়া হবে। জরুরী পরিষেবার সঙ্গে যুক্ত গাড়িগুলি যাতে চলাচল করতে পারে সেই পদক্ষেপ নেওয়া হবে। এই অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার জন্য মেয়র সমস্ত অংশগ্রহণকারী ক্লাব এবং সংশ্লিষ্ট সরকারি দপ্তরের আধিকারিকদের প্রতি আহ্বান জানিয়েছেন।

বৈঠকে তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিশ্বিসার ভট্টাচার্য মায়ের গমনের রুট নিয়ে বিস্তারিতভাবে তুলে ধরেন। বৈঠকে পুরনিগমের ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত, আগরতলা পুরনিগমের কমিশনার সাজুবাহিদ এ, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার, স্মার্ট সিটির সিইও জি শারথ নায়েক, পশ্চিম জেলার পুলিশ সুপার নমিত পাঠক, ট্রাফিকের পুলিশ সুপার কান্তা জাঙ্গির এবং বিভিন্ন দপ্তরের পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
